

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় (অধিশাখা-১৮)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.১১৮.০৮.০৫১.১০.৪১৬


তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
০৯ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মো: নূর আল সাফা ভূঁইয়াকে TEP Solution and Consulting, Virginia, USA- তে Senior Information Technology Consultant হিসেবে কাজ করার জন্য ১৫/১১/২০১৮ হতে ১৪/১১/২০১৯ তারিখ অথবা যাত্রার তারিখ থেকে ০১ বছর লিয়েন মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে USA গমন ও অবস্থানের অনুমতি প্রদান করতে সরকার সম্মত হয়েছে:

- ক) এ বিদেশ গমনে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে বিধি মোতাবেক ছুটি মঞ্জুর করবে;
- গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর সাথে প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে;
- ঘ) লিয়েন শেষে বিশ্ববিদ্যালয়ের কাজে যোগদান না করলে তাঁর প্রাপ্য পেনসন ও প্রভিডেন্ট ফান্ডের সমুদয় স্থিতি হতে বিশ্ববিদ্যালয়ের ক্ষতিপূরণের টাকা কর্তৃন করবে;
- ঙ) ছুটি শেষ হওয়ার সাথে সাথে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- চ) লিয়েন/ছুটিকালীন তিনি বিশ্ববিদ্যালয় থেকে কোন প্রকার বেতন ভাতাদি পাবেন না;
- ছ) তাঁর অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে কোন বিঘ্ন সৃষ্টি হবে না, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ-কে তা নিশ্চিত করতে হবে;
- জ) বিশ্ববিদ্যালয় হতে লিয়েনের সুপারিশ করায় তাঁর সব দায়দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের উপর বর্তাবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(জিনাত রেহানা)  
উপসচিব  
ফোন : ৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৪. প্রফেসর ড. মো: নূর আল সাফা ভূঁইয়া, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৫. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৯. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১০. উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
( অফিস আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)